# জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩.২ অনুচ্ছেদ এর আওতায় প্রাইম মেডিকেল কলেজ, রংপুর পর্যবেক্ষণ এবং মানোন্নয়ন শীর্ষক কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে গঠিত কমিটির সাথে সংশ্লিষ্ট অংশীজনদের ১ম মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি : নীতিশ চন্দ্র সরকার
অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্থান : রংপুর মেডিকেল কলেজের সভাকক্ষ

তারিখ : ১০ সেপ্টেম্বর ২০২২

সময় : বেলা ২.০০ টা

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের উদ্যোগে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩.২ অনুচ্ছেদ এর আওতায় একটি সরকারি ও একটি বেসরকারি মেডিকেল কলেজ পর্যবেক্ষণ ও মানোন্নয়নের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়। এলক্ষ্যে বেসরকারি মেডিকেল কলেজ হিসেবে 'প্রাইম মেডিকেল কলেজ, রংপুর'কে নির্বাচন করা হয়। কর্মপরিকল্পনা বাস্তরায়নের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)-কে আহ্বায়ক করে ০৬ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। তদনুযায়ী কমিটি প্রাইম মেডিকেল কলেজ, রংপুর' সরেজমিন পরিদর্শন করে এবং মতবিনিময় সভায় মিলিত হয়।

০২। অতঃপর সভাপতি প্রাইম মেডিকেল কলেজের উদ্যোক্তা, অধ্যক্ষ, বিভাগীয় প্রধানগণ, জেলা প্রশাসনের প্রতিনিধি, এবং বিভিন্ন শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করেন। মতবিনিময়ের মাধ্যমে প্রাপ্ত তথ্যাদির আলোকে প্রযোজ্য ক্ষেত্রে সমস্যাসমূহ সমাধানের জন্য সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | পর্যবেক্ষণ | করণীয় | বাস্তবায়ন সময়সীমা |
|---|---|---|---|
| ১ | বেসরকারি মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা-২০১১ অনুযায়ী প্রাইম মেডিকেল কলেজে বিভিন্ন বিভাগে শিক্ষক ঘাটতি রয়েছে। | বিভিন্ন বিভাগে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ করেত হবে। | মার্চ '২৩ |
| ২ | হাসপাতালে বেড অকুপেন্সি মাত্র ৫০%। নীতিমালা অনুযায়ী বে অকুপেন্সি কমপক্ষে ৭০% থাকতে হবে। | বেড অকুপেন্সি বাড়ানোর প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। | ডিসেম্বর '২২ |
| ৩ | এমবিবিএস প্রফেশনাল পরীক্ষায় পাশের হার ৭২%। | পাশের হার বাড়ানোর প্রায়োজনীয় কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। | ডিসেম্বর '২২ |
| ৪ | কলেজের সার্ভিস রুল ও অর্গানোগ্রাম নাই। | সার্ভিস রুল ও অর্গানোগ্রাম প্রস্তুত করে গভর্নিং বডির অনুমোদন নিয়ে তা মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। | ডিসেম্বর '২২ |
| ৫ | শিক্ষার্থীদের ফিল্ড ট্রেনিং এ ফিল্ড স্টে'র কোনো সু-ব্যবস্থা নাই। | ফিল্ড ট্রেনিং এর সময় বিভিন্ন স্কুল/কলেজে অবস্থানের জন্য জেলা ও উপজেলা প্রশাসনের সহযোগিতা চাইতে হবে। | ডিসেম্বর '২২ |

| | | | |
|---|---|---|---|
| ৬ | বেসিক সাবজেক্টসমূহে শিক্ষকের সংকট দূরীকরণে 'pair system' চালু নাই। | বেসিক সাবজেক্টসমূহে শিক্ষকের সংকট দূরীকরণে শিক্ষক বিনিময়ের লক্ষ্যে 'pair system' চালু করতে হবে। | ডিসেম্বর '২২ |
| ৭ | কলেজের কোনো সিটিজেন চার্টার নাই | সিটিজেন চার্টার প্রণয়ন করে কলেজ ও হাসপাতালের স্ব-স্ব অংশ দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে। | ডিসেম্বর '২২ |
| ৮ | অভিযোগ প্রতিকারের অংশ হিসেবে অভিযোগ বক্স স্থাপন করা নাই। | কলেজ ও হাসপাতালের দৃশ্যমান স্থানে অভিযোগ বাক্স স্থাপন করতে হবে। | ডিসেম্বর '২২ |
| ৯ | তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীল কর্মকর্তা নির্ধারিত নাই। | তথ্য প্রদানকারী ও আপীল কর্মকর্তা নির্ধারণ করে অফিস আদেশ জারি ও তা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ডিসেম্বর '২২ |
| ১০ | কলেজে যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন করা নাই। | যৌন হয়রানি প্রতিরোধে কমিটি গঠন করে অফিস আদেশ জারি ও তা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ডিসেম্বর '২২ |

০৩। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সূচক অনুযায়ী পরিদর্শন কমিটি প্রতি তিন মাস অন্তর একবার পরিদর্শন করবে। আগামী পরিদর্শনের সময় এ কার্যবিবরণীর সকল সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করতে হবে। সেজন্য এখন থেকেই প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/১০/২০২২

(নীতিশ চন্দ্র সরকার)
অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ও
আহ্বায়ক
রংপুর মেডিকেল কলেজ ও হাসপাতালের মানোন্নয়ন সংক্রান্ত কমিটি

(৭২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ শাখা
www.mefwd.gov.bd

নং-৫৯.০০.০০০০.১৪০.৩২.০২০.২২.৫৩১

তারিখ: ২১ আশ্বিন ১৪২৯ / ০৬ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২) ভাইস-চ্যান্সেলর, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়
৩) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৪) মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালি, ঢাকা
৫) অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৬) যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৭) যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৮) যুগ্মসচিব (পার), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৯) পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালি, ঢাকা
১০) পরিচালক (মানবসম্পদ), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালি, ঢাকা
১১) জেলা প্রশাসক, রংপুর
১২) উপসচিব (পার-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৩) উপসচিব (চিকিৎসা শিক্ষা-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৪) সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫) অধ্যক্ষ, প্রাইম মেডিকেল কলেজ, রংপুর
১৬) পরিচালক, প্রাইম মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর
১৭) অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

০৬/১০/২০২২

(মোহাম্মদ আবদুল কাদের)
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ও
সদস্য-সচিব
রংপুর মেডিকেল কলেজ ও হাসপাতালের মানোন্নয়ন সংক্রান্ত কমিটি